তারিখ: ১৩ আগস্ট ২০২৫

# বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

| ক্র. | দপ্তর/সংস্থা/মন্ত্রণালয়ের শাখা/অধিশাখার নাম | বিগত ০৬(ছয়) মাসে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম (সংক্ষেপে বুলেট পয়েন্টে) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) | • বাসস বৈষম্যবিরোধী ছাত্রআন্দোলন ও গণঅভ্যুত্থানের বিজয়ের পর বর্তমান অন্তবর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের সাথে সাথেই গণঅভ্যুত্থানের চেতনাকে ধারন করে ও এর সাথে সামঞ্জস্য রেখে নতুনভাবে কার্যক্রম চালু করেছে। বাসস দ্রুততম সময়ে ফ্যাসিবাদী সরকারের নীতিগত কৌশল ও কার্যক্রম পরিহার করে বৈষম্যবিরোধী নীতি অবলম্বন করে কার্যক্রম পরিচালনা করছে। বাসস'র সংবাদ সংগ্রহ ও প্রচার কার্যক্রম বিগত বছরগুলোর তুলনায় বৃদ্ধি পেয়েছে।<br>• বর্তমান ব্যবস্থাপনা দায়িত্ব গ্রহণের পর সংস্থার সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারীদের কর্মতৎপরতা বৃদ্ধি পেয়েছে। বাংলা ও ইংরেজি ভাষায় প্রতিদিন গড়ে ২০০ টির অধিক সংবাদ প্রচার করা হচ্ছে, যা বিগত দিনে ১০০ থেকে ১২০টি সংবাদ প্রচার হতো। ফেব্রুয়ারি-২০২৫ থেকে জুলাই-২০২৫ পর্যন্ত ০৬ (ছয়) মাসে বাসস থেকে ৭৬,৮২৬ (ছিয়াত্তর হাজার আটশত ছাব্বিশ) টি সংবাদ সংগ্রহ করে প্রচার করেছে। সাথে সাথে সংবাদ পরিবেশনের মানও বহুগুণ বৃদ্ধি করা হয়েছে এবং সংবাদের মান উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।<br>• অন্তবর্তীকালীন সরকারের ১০০ দিনের সাফল্য নিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টাদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক বাসস ইংরেজিতে **২৭টি** ও বাংলায় **২২টি**সহ মোট **৪৯টি** বিশেষ প্রতিবেদন প্রচার করেছে।<br>• বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) থেকে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থান সম্পর্কিত সকল সংবাদ, ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহপূর্বক "গণঅভ্যুত্থানের গাথা-বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প" শিরোনামে মানবিক প্রতিবেদন তৈরি করে নিয়মিত প্রচার করে যাচ্ছে। গত ২১ আগস্ট ২০২৪ থেকে ১৩ আগস্ট ২০২৫ পর্যন্ত সময়ে সংস্থা থেকে এবিষয়ে বাংলায় ৫৯৪টি ও ইংরেজিতে ২৯৮টিসহ মোট **৮৯২টি** সংবাদ সংগ্রহ করে প্রতিবেদন আকারে প্রচার করা হয়েছে।<br>• বিগত আওয়ামীলীগ সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে অদ্যাবধি **১৫০০ এর অধিক** সংবাদ সংগ্রহ করে প্রচার করা হয়েছে এবং এবিষয়ে সংবাদ প্রচারের কাজ চলমান রয়েছে।<br>• বাসস'র ওয়েবসাইটে "তারুণ্যের উৎসব-২০২৫" বাংলা শিরোনামে ও "Festival of Youth-2025" ইংরেজি শিরোনামে নতুন একটি ট্যাব খুলে নিয়মিত সংবাদ সংগ্রহ করছে।<br>• তারুণ্যের উৎসব ও তরুণ উদ্যোক্তা বিষয়ে বাসস থেকে **৬২২টি** প্রতিবেদন তৈরি করে প্রচার করা হয়েছে এবং এই প্রচার কার্যক্রম চলমান রয়েছে।<br>• সারা দেশের শিক্ষা, কৃষি, গ্রন্থাগার, প্রযুক্তি, সংস্কৃতি বিষয়ে তরুণদের উদ্যোগ, ক্রীড়া উদ্যোগ ও ক্রীড়া ক্ষেত্রের উদীয়মান ক্রীড়াবিদদের সংবাদ, পর্যটন কেন্দ্র ও পর্যটন উদ্যোগ, দেশের ক্রীড়াঙ্গন ও ক্রীড়া অবকাঠামো নিয়ে বাসস থেকে সংবাদ প্রচারের মাধ্যমে দেশের তরুন সমাজকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে বাসস থেকে নিয়মিত সংবাদ প্রচার করা হচ্ছে।<br>• নতুন ব্যবস্থাপনা দায়িত্ব নেওয়ার পর ফ্যাসিস্ট সরকারের আমলে জেলা পর্যায়ে নিয়োজিত চিহ্নিত দলীয় সাংবাদিকদের স্থলে পেশাদার সাংবাদিকদের নিয়োগদানের প্রক্রিয়া চলমান আছে। অদ্যাবধি **৭০ জন** পেশাদার জেলা সাংবাদিক ও বিশ্ববিদ্যালয় প্রতিনিধি নিয়োগ দেয়া হয়েছে | |

Scanned with CamScanner

| ক্র. | দপ্তর/সংস্থা/মন্ত্রণালয়ের শাখা/অধিশাখার নাম | বিগত ০৬(ছয়) মাসে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম (সংক্ষেপে বুলেট পয়েন্টে) | মন্তব্য |
|---|---|---|---|
| | | • অন্যায়ভাবে রাজনৈতিক বিদ্বেষবশত চাকুরিচ্যুত করে বৈষম্য তৈরি করা হয়েছে এমন **৫ জন** সাংবাদিক, কর্মকর্তা বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় আসার পর সৃষ্ট বৈষম্য নিরসনের জন্য চাকুরিতে পুনর্বহাল করা হয়েছে। পুনর্বহালকৃত ৫ জন সাংবাদিক, কর্মকর্তার পাওনা পরিশোধের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।<br>• আওয়ামী লীগ সরকারের আমলে বঞ্চিত **১৮ জন সাংবাদিক, কর্মকর্তাকে** পদোন্নতি ও গ্রেডআপ প্রদান করা হয়েছে।<br>• বিগত ফ্যাসিস্ট সরকারের আমলে সুবিধাবাদী ৭ জন সাংবাদিককে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে।<br>• অডিওভিজ্যুয়াল টেকনোলজি ব্যবহারের মাধ্যমে বাসস'র সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধি করা এবং অডিওভিজ্যুয়াল সংবাদ প্রচার ব্যবস্থা অব্যহত রাখার লক্ষ্যে সংস্থায় অডিওভিজ্যুয়াল সংবাদ প্রচারের ব্যবস্থা গ্রহণে প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। অডিওভিজ্যুয়াল নিউজ সার্ভিস চালু করার বিষয়ে গত ০১ জুলাই ২০২৫ থেকে সংস্থার নিজস্ব ইউটিউব চ্যানেলে পরিক্ষামুলুক নিউজ বুলেটিন শুরু করা হয়েছে। বাসস থেকে প্রতিদিন BSS Audio Visual News Bulletin ও মাননীয় প্রধান উপদেষ্টা, প্রধান উপদেষ্টার প্রেস সচিব, মাননীয় উপদেষ্টামন্ডলী, ছাত্রনেতাদের সাক্ষাৎকারভিত্তিক প্রতিবেদন নিয়মিত প্রচার করা হচ্ছে।<br>• BSS Audio Visual News Bulletin, মাননীয় প্রধান উপদেষ্টা, প্রধান উপদেষ্টার প্রেস সচিব, মাননীয় উপদেষ্টামন্ডলী, ছাত্রনেতাদের সাক্ষাৎকারভিত্তিক প্রতিবেদন BSS FACE BOOK এ বুস্টিং করা হচ্ছে। BSS FACE BOOK এর মাধ্যমে নিয়মিত প্রচার কার্যক্রম চলমান রয়েছে।<br>• জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের নিয়ে বাসস থেকে প্রকাশিত ৮০০টি প্রতিবেদন থেকে বাছাই করে ইংরেজি ভাষায় **WRITTEN IN BLOOD LETTER- JULY REPORTS** ও বাংলা ভাষায় **রক্তের অক্ষরে লেখা- জুলাই প্রতিবেদন** দুটি গ্রন্থ প্রকাশ করা হয়েছে।<br>• জুলাই আন্দোলনে নেতৃত্বদানকারী ছাত্র নেতাদের সাক্ষাৎকারভিত্তিক ধারাবাহিক সংবাদ প্রচারের কাজ চলমান রয়েছে। বাসস'র ওয়েবসাইটে **"জুলাই জাগরণ"** বাংলা শিরোনামে **২৮৯টি** ও **"July Uprising"** ইংরেজি শিরোনামে **১২৬টি** সহ মোট ৪১৫টি প্রতিবেদন তৈরি করে প্রচার করা হয়েছে এবং এই প্রচার কার্যক্রম চলমান রয়েছে।<br>• সংস্থা থেকে অদ্যাবধি জুলাই আন্দোলনে নেতৃত্বদানকারী **১৪৮জন** ছাত্র নেতাদের সাক্ষাৎকারভিত্তিক ধারাবাহিক সংবাদ প্রচার করা হয়েছে। এই প্রচার কার্যক্রম চলমান রয়েছে।<br>• সংস্থার ওয়েবসাইটে সাক্ষাৎকার (Interview) নতুন ট্যাব চালু করে মাননীয় প্রধান উপদেষ্টা, অন্যান্য উপদেষ্টাসহ সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত ব্যক্তিদের নিয়ে অদ্যাবধি ৪৫টি সাক্ষাৎকারভিত্তিক প্রতিবেদন প্রচার করা হয়েছে এবং এই প্রচার কার্যক্রম চলমান রয়েছে। | |

২৩/৮/২৫

**মাহবুব মোর্শেদ**
ব্যবস্থাপনা পরিচালক
ও প্রধান সম্পাদক

Scanned with CamScanner